

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওয়্ ও তায়াম্মুম) রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(২৩) মোজার উপরে ও নীচে মাসাহ করা

অনেককে মোজার উপরে-নীচে উভয় দিকে মাসাহ করতে দেখা যায়। অথচ সুন্নাত হল মোজার উপরে মাসাহ করা।[1] উপরে-নীচে উভয় দিকে মাসাহ করা সংক্রান্ত যে হাদীছ বর্ণিত হয়েছে, তার সনদ যঈফ এবং ছহীহ হাদীছের বিরোধী। যেমন-

عَنِ الْمُغِيْرَةَ بْنِ شُعْبَةَ قَالَ وَضَّأْتُ النَّبِيَّ ا فِيْ غَزْوَةِ تَبُوْكَ فَمَسَحَ أَعْلَى الْخُفَّيْنِ وَأَسْفَلَهُمَا.

মুগীরা ইবনু শু'বা (রাঃ) বলেন, আমি তাবুক যুদ্ধে রাসূল (ছাঃ)-কে ওযূ করিয়েছি। তিনি দুই মোজার উপরে এবং নীচে মাসাহ করেছেন।[2]

তাহকীক: হাদীছটি যঈফ। ইমাম তিরমিয়ী বলেন, 'এই হাদীছটি ত্রুটিপূর্ণ। আমি ইমাম আবু যুর'আহ ও ইমাম বুখারীকে এই হাদীছ সম্পর্কে জিজ্ঞেস করলে তারা বলেন, এই হাদীছ ছহীহ নয়। ইমাম আবুদাউদও একে দুর্বল বলেছেন।[3] এই হাদীছের সনদে ছাওর নামক একজন রাবী রয়েছে। ইমাম আবুদাউদ বলেন, সে রাজা ইবনু হাইওয়া থেকে না শুনেই বর্ণনা করেছে।[4]

জ্ঞাতব্য : বর্তমানে অনেকেই মোজা পরিহিত অবস্থায় টাখনুর নীচে লুঙ্গি-প্যান্ট পরিধান করাকে জায়েয বলছেন ও পরিধান করছেন। এটা শরী'আতকে ছোট করার মিথ্যা কৌশল মাত্র। পাশ্চাত্য অপসংস্কৃতির সাথে আপোস করে তারা রাসূল (ছাঃ)-এর আদর্শকে নস্যাৎ করতে চায়। এই মিথ্যা কৌশল থেকে সাবধান থাকতে হবে।

ফুটনোট

- [1]. ছহীহ বুখারী হা/১৮২, ১/৩০ পৃঃ, (ইফাবা হা/১৮২, ১/১১৫ পৃঃ); মুসলিম হা/৬৪৯; ছহীহ আবুদাউদ হা/১৬১ ও ১৬২, ১/২২ পৃঃ; তিরমিয়ী হা/৯৮, ১/২৮-২৯ পৃঃ।
- [2]. আবুদাউদ হা/১৬৫, ১/২২ পৃঃ; তিরমিয়ী হা/৯৭, ১/২৮ পৃঃ; ইবনু মাজাহ হা/৫৫০, পৃঃ ৪২; মিশকাত হা/৫২১, পৃঃ ৫৪; বঙ্গানুবাদ মিশকাত হা/৪৮৬, ২/১৩১ পৃঃ।
- [3]. هذا حدیث معلول وسألت أبا زرعة ومحمدا یعنی البخاری عن هذا الحدیث فقالا لیس بصحیح وکذا القاد معلول وسألت أبا زرعة ومحمدا یعنی البخاری عن هذا حدیث معلول وسألت أبا زرعة ومحمدا یعنی البخاری عن هذا البخاری عن معلول وسألت أبا زرعة ومحمدا یعنی البخاری عن هذا البخاری عن معلول وسألت أبا زرعة ومحمدا یعنی البخاری عن هذا البخاری عن معلول وسألت أبا زرعة ومحمدا یعنی البخاری عن هذا البخاری عن هذا البخاری عن هذا البخاری عن هذا البخاری عن معلول وسألت أبا زرعة ومحمدا یعنی البخاری عن هذا البخاری عن هذا البخاری عن هذا البخاری عن معلول وسألت أبا زرعة ومحمدا یعنی البخاری عن هذا البخاری عن هذا البخاری عن هذا البخاری عن معلول وسألت أبا زرعة ومحمدا یعنی البخاری عن هذا البخاری عن هذا البخاری عن البخاری ال
- [4]. যঈফ আবুদাউদ হা/১৬৫, ১/২২ পৃঃ।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=1821

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন